আমার  কণ্ঠ তাঁরে ডাকে,
তখন   হৃদয় কোথায় থাকে ॥
যখন    হৃদয় আসে ফিরে   আপন নীরব নীড়ে
আমার  জীবন তখন কোন্ গহনে বেড়ায় কিসের পাকে ॥
যখন    মোহ আমায় ডাকে
তখন   লজ্জা কোথায় থাকে !
যখন    আনেন তমোহারী   আলোক-তরবারি
তখন   পরান আমার কোন্ কোণে যে
লজ্জাতে মুখ ঢাকে ॥

---